গাংনীতে জমি দখল নিয়ে বিরোধ, প্রতিপক্ষের হামলায় আহত ৬

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দি বাজারে শরিকানা জমি ভাগাভাগি সংক্রান্ত বিরোধে নারী ও বৃদ্ধসহ ৬ জনকে অস্ত্র দিয়ে কুপিয়ে আহত করেছ প্রতিপক্ষরা । আজ বুধবার (২০ নভেম্বর) দুপুরে বামুন্দী বাজারে এ হামলার ঘটনা ঘটে।

আহতরা হলেন,মৃত দেলবার মন্ডলের ছেলে আজিজুল হক (৬৮), ছেলে দুলাল হোসেন (৩৬), জালালের স্ত্রী রেক্সোনা খাতুন (৩০), জলিমুদদিনের ছেলে মজিবুল হক (৪০), আকিজুল ইসলামের ছেলে জালাল উদ্দিন (৪০) ও নাইম (২০)।

আহতদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। আহতদের মধ্যে আজিজুল হকের অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে কুস্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করা হয়েছে। এ তথ্য নিশ্চিত করেছেন স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের চিকিৎসক সিমা বিশ্বাস।

আহত নাইম জানান, বামুন্দী বাজারের ৩০ শতক জমির মধ্যে তিন শতক জমি আছে মক্করেরর ছেলে রাজমুল ইসলামের মা আজিরন নেছার। আমরা তিন শতকের পরিবর্তে আজিরনকে ৮ শতক জমি ছেড়ে দিয়েছি। পরে রাজমুল ও তার লোকজন পুরো জমি জোর দখল করে। জমি দখলে বাধা দিলে বামুন্দি গ্রামের রাজমুলের নেতৃত্বে সাব্বির, আবির,সেন্টু হাসিবসহ ১০/১৫ জন লোক হাসুয়া, লাঠি, ডেগার ও রামদা দিয়ে আমাদের ওপর আতর্কিত হামলা করে রক্তাক্ত জখম করে। এসময় কয়েকটি দোকানে হামলা চালায় এবং নগদ টাকা লুটপাট করার অভিযোগ করেন আহতরা।

এবিষয়ে হামলায় নেতৃত্বদানকারী রাজমুল জানান,আজিজুল ইসলাম আমার মামা। আমার মায়ের অংশের জমি দখল দেয়না। সেই জমি দখল নিয়ে আজকের মারামারি। তবে টাকালুট ও দোকান ভাংচুর করার বিষয়টি তিনি অস্বিকার করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ ওসি বানী ইসরাইল বলেন, জমিজমা নিয়ে বামুন্দী বাজারে মারামারির ঘটনা শুনে পুলিশ পাঠিয়ে সকলকে শান্ত করা হয়েছে। এখন পর্যন্ত কেউ অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।